(22)

বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশন

গঠনতন্ত্র

OK

কাজী ফিরোজ রশীদ
সংসদ-সদস্য
১৭৯ ঢাকা-৬
বাংলাদেশ জাতীয় সংসদ

Kazi Firoz Rashid (MP)
President
Bangladesh Surfing Association

Moazzam Hossain Chowdhury
General Secretary
Bangladesh Surfing Association

Aminul Islam Liton

ধারা ১

শিরোনাম ও এলাকা :

এই গঠনতন্ত্রকে বাংলাদেশ সার্ফিং ফেডারেশন গঠনতন্ত্র বলা হবে। সমগ্র বাংলাদেশ এর আওতাধীন হবে।

ধারা ২

সংজ্ঞা ও পরিধি :

(১) বাংলাদেশ সার্ফিং ফেডারেশন জাতীয় পর্যায়ের সর্বোচ্চ সংগঠন। আন্তর্জাতিক সার্ফিং ফেডারেশন, এশিয়ান ফেডারেশন, দক্ষিণ এশীয় ফেডারেশন এবং জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক স্বীকৃত সংগঠনকে বুঝাবে।

(২) সার্ফিং বলতে আন্তর্জাতিক ফেডারেশন পরিচালিত সার্ফিং বোঝাবে।

ধারা ৩

লোগো ও পতাকার বিবরণ:

বাংলাদেশ সার্ফিং ফেডারেশনের নিজস্ব লোগো ও পতাকা থাকবে। ফেডারেশনের নির্বাহী কমিটি লোগো ও পতাকা তৈরি করে তা অনুমোদনের জন্য সাধারণ পরিষদে পেশ করবে। সাধারণ পরিষদের অনুমোদিত লোগো ও পতাকা নির্দিষ্ট স্থানে ব্যবহৃত হবে।

ধারা ৪

সদর দপ্তর :

সার্ফিং ফেডারেশনের সদর দপ্তর সাধারণত রাজধানী ঢাকাতে থাকবে।

ধারা ৫

ফেডারেশনের কার্যপরিধি:

(১) সার্ফিংয়ের প্রসার, উন্নয়ন, নিয়ন্ত্রণ ও সমন্বয় করা।

(২) সকল আঞ্চলিক/আন্তর্জাতিক ফেডারেশন থেকে স্বীকৃত গ্রহণ।

(৩) সংস্থা, ক্লাব ও অন্যান্য ক্রীড়া প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট খেলার বিষয়ে স্বীকৃতি প্রদান।

(৪) সার্ফিং প্রশিক্ষণ ও উন্নয়নের জন্য পরিকল্পনা ও কার্যক্রম গ্রহণ করা।

(৫) সার্ফিংয়ের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা।

(৬) জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন।

(৭) আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিযোগিতায় জাতীয় দলের অংশগ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(৮) সকল সার্ফারদের মধ্যে সুসম্পর্ক তৈরি ও রক্ষায় ব্যবস্থা গ্রহণ করা।

(৯) দরিদ্র ও খ্যাতনামা সার্ফারদের কল্যাণে সহায়তা করা।

(১০) ফেডারেশনের অধীনস্থ সার্ফিং ক্লাব বা সংস্থাকে মঞ্জুরী ও সুবিধা প্রদান করা।

(১১) সার্ফিংয়ের উপর বই, পত্রিকা, স্মরণীকা প্রকাশ ও গ্রন্থাগার স্থাপন।

(১২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সার্ফিং সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা, ক্যাম্প সহ সার্ফিংয়ের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা।

(১৩) ফেডারেশন, অধীনস্থ সংস্থা ও ক্লাবের মধ্যে শৃঙ্খলা নিশ্চত করা।

(১৪) কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন ও তাদের কার্যপরিধি সুনির্দিষ্ট করে দেয়া।

Moazzam Hossain Chowdhury
General Secretary
Bangladesh Surfing Association

Islam Liton

OK

Kazi Firoz Rashid (MP)
President
Bangladesh Surfing Association

ধারা ৬

সংযুক্ত সংগঠনসমূহ:

(১) জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ সাপেক্ষে নিম্নবর্ণিত সংস্থাসমূহ ফেডারেশনের সাথে সংযুক্ত থাকবে:

(ক) অনুমোদিত সার্ফিং ক্লাব

(খ) অনুমোদিত সংস্থা

(গ) সার্ফিং করার ক্ষমতা রাখে এমন সংস্থা বা কর্পোরেট প্রতিষ্ঠান নির্বাহী কমিটির আলোচনা ও অনুমোদন সাপেক্ষে সংযুক্ত হতে পারে।

ধারা ৭

ফেডারেশনের সংগঠন:

(১) বাংলাদেশ সার্ফিং ফেডারেশনের সাধারণ পরিষদ নিম্নবর্ণিত গঠিত হবে:

(ক) অংশগ্রহণকারী প্রতিটি ক্লাবের একজন প্রতিনিধি

(খ) অংশগ্রহণকারী প্রতি সংস্থার একজন প্রতিনিধি

(গ) খ্যাতনামা সার্ফার/সংগঠক/পৃষ্ঠপোষকের মধ্য থেকে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত সর্বমোট পাঁচজন প্রতিনিধি।

(ঘ) বাংলাদেশ সার্ফিং ফেডারেশনের সর্বশেষ নির্বাচিত সাধারণ সম্পাদক পদাধিকার বলে সাধারণ পরিষদের সদস্য অন্তর্ভূক্ত হবেন।

(ঙ) কাউন্সিলরদের বয়স কমপক্ষে ২৫ বছর হতে হবে।

(চ) যদি কোন ক্লাব অনুমোদিত সংস্থা বিগত ৪ বছরের মেয়াদকালে জাতীয় প্রতিযোগিতায় ন্যূনতম ২ বার অংশগ্রহণ না করে তবে উক্ত সংস্থা বা ক্লাব ফেডারেশনের সাধারণ পরিষদের সদস্য হতে পারবে না এবং নির্বাচনে অংশগ্রহণ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবে না।

(ছ) কোন খেলোয়াড় অবসর গ্রহণ না করে সাধারণ পরিষদের সদস্য হতে পারবেন না।

(জ) ফেডারেশনের নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী/প্রশিক্ষক সাধারণ পরিষদের সদস্য হতে পারবেন না।

ধারা ৮

১। কার্যনির্বাহী পরিষদ:

(ক) সভাপতি : ১ জন নির্বাচিত/সরকার কর্তৃক মনোনীত

(খ) সহ সভাপতি : ৪ জন

(গ) সাধারণ সম্পাদক : ১ জন

(ঘ) যুগ্ম সম্পাদক : ২ জন

(ঙ) কোষাধ্যক্ষ : ১ জন

(চ) সদস্য : ১৬ জন

মোট : ২৫ (পচিশ) জন

২। সহ সভাপতি, যুগ্ম সম্পাদক এবং সদস্যদের জ্যেষ্ঠতা তাদের ভোট প্রাপ্তির উপর ভিত্তি করে নির্ধারণ হবে।

৩। নির্বাচনের ১৫ (পনের) দিনের মধ্যে নব নির্বাচিত কমিটির কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে, অন্যথায় ১৬ দিনের পর হতে এই কমিটির দায়িত্ব প্রাপ্ত হয়েছে বলে গণ্য হবে।

৪। কোরাম : সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী কমিটির সভার কোরাম ১/৩ সদস্যদের উপস্থিতিতে হবে।

৫। আন্তর্জাতিক ফেডারেশনের কাঠামো অনুযায়ী বাংলাদেশ সার্ফিং ফেডারেশন অফিস পরিচালনা করবে।

ধারা ৯

নির্বাহী কমিটির কর্তব্য, ক্ষমতা ও কার্যাবলী :

১) আগ্রহী নতুন সংস্থা/ক্লাব সমূহের সদস্যভূক্তির অনুমোদন।

২) প্রয়োজন মোতাবেক বিভিন্ন উপ কমিটির ও তাদের কাজের শর্তাবলী নির্ধারণ করা। এই সব উপ কমিটির একজন সভাপতি সহ ন্যূনতম ৫ সদস্য দ্বারা গঠিত হবে। সভাপতি ও নির্বাহী পরিষদের সদস্য ব্যতিত প্রয়োজনে অভিজ্ঞ সদস্য বাহির হতে অন্তর্ভূক্ত করা যাবে।

OK

Moazzam Hossain Chowdhury
General Secretary

Kazi Firoz Rashid (MP)
President

৩) ফেডারেশনের তহবিল নিয়ন্ত্রণ ও পরিচালনা করা।

৪) অনুমোদিত সংস্থা কর্তৃক গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা অনুমোদন করা ও আপিল সমূহ পর্যালোচনা করা।

৫) গঠনতন্ত্রের অনুচ্ছেদেও ব্যাখ্যা প্রদান করা এবং ফেডারেশনের ধারার আওতায় পড়ে না এমন ধারার উপর সিদ্ধান্ত গ্রহণ করা।

৬) আন্তর্জাতিক ফেডারেশনের বিধি বিধানের সাথে সঙ্গতিপূর্ণ বিধি ও উপবিধি প্রণয়ন করা।

৭) কোন সংস্থা, ব্যক্তি বা অনুমোদিত সদস্যের বিশৃংখলা, অসদাচরণ, অহেতুক প্রতিবাদ ও নিয়ম ভঙ্গের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা।

৮) বাৎসরিক সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করা।

৯) বিদেশে পাঠানোর জন্য দল গঠন করা এবং বিদেশী দল আমন্ত্রণ করা।

১০) ফেডারেশন অফিসের জন্য পদ সৃষ্টি ও তদস্থলে জনবল নিয়োগ করা।

১১) সাধারণ সম্পাদক কর্তৃক উপস্থাপিত বাৎসরিক রিপোর্ট বিবেচনা ও অনুমোদন করা।

১২) উপ কমিটি সমূহের পেশকৃত বিবরণ পর্যালোচনা করা ও ব্যবস্থা গ্রহণ করা।

১৩) ফেডারেশনের উদ্দেশ্য ও কার্যাবলীর পরিপূরক অনুরূপ আইন প্রণয়ন করা।

১৪) অডিটর নিয়োগ করা।

ধারা ১০

নির্বাহী কমিটির কর্মকর্তাদের দায়িত্ব ও কার্যাবলী ঃ

১. সভাপতি ঃ

(১) এসোসিয়েশনের সভাসমূহে তিনি উপস্থিত থাকলে সভাপতিত্ব করবেন। সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত জ্যেষ্ঠ সহ সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন এবং সহ সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত সদস্যের মধ্যে থেকে জ্যেষ্ঠ একজন সভাপতির দায়িত্ব পালন করবেন।

(২) কোন সিদ্ধান্তের ক্ষেত্রে পক্ষে-বিপক্ষে সমান সংখ্যক ভোট পড়লে তিনি কাষ্টিং ভোট প্রদান করবেন।

(৩) সাধারণ সম্পাদকের সাথে পরামর্শ অনুযায়ী সভাপতি জরুরি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন এবং অনুরূপ কোন সিদ্ধান্ত গৃহীত হলে তা নির্বাহী পরিষদের পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

২. সহ সভাপতি ঃ

তিনি সভাপতির অনুপস্থিতিতে পরবর্তী জ্যেষ্ঠ সহ সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন এবং সভাপতি ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত কাজ সমাধা করবেন।

৩. সাধারণ সম্পাদক ঃ

তিনি এসোসিয়েশনের নির্বাহী কমিটির মুখপাত্র ও এসোসিয়েমনের নির্বাহী হিসাবে নিম্নলিখিত দায়িত্ব পালন করবেন:

১) তিনি বাৎসরিক সাধারণ সভা এবং নির্বাহী পরিষদের সভা সমূহের বিজ্ঞপ্তি প্রদান করবেন।

২) তিনি এসোসিয়েশনের সকল প্রকার যোগাযোগ রক্ষা করবেন এবং এসোসিয়েশনের সকল প্রকার সম্পদ রক্ষার জন্য প্রয়োজনীয় দলিল দস্তাবেজ সংরক্ষণ করবেন।

৩) তিনি যুক্তভাবে সভাপতি অথবা কোষাধ্যক্ষের সাথে বিলসমূহ অনুমোদন করবেন এবং চেক সই করবেন।

৪) তিনি সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত সকল প্রকার দায়িত্ব পালন করবেন।

৫) তিনি সরকারি অনুমোদন ছাড়াও প্রতিযোগিতা সুষ্ঠ সম্পাদনের জন্য পৃষ্ঠপোষক সংগ্রহ ও অর্থ যোগানদানের ক্ষেত্রে সচেষ্ট থাকবেন।

৬) তিনি স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সকল বিষয়ে যোগাযোগ রক্ষা করবেন এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে এসোসিয়েশন পরিচালনা করবেন।

৭) তিনি উপস্থিত খরচ ও জরুরি খরচ বাবদ তার কাছে নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত অর্থ রাখতে পারবেন।

৮) তিনি পেমেন্টের আদেশ জারি করতে পারবেন।

৯) তিনি সকল স্থায়ী ও উপ কমিটিতে পদাধিকার বলে সদস্য থাকবেন।

OK

Moazzam Hossain Chowdhury

Kazi Firoz Rashid (MP)
President
Bangladesh Surfing Association

১০) বার্ষিক রিপোর্ট ও কর্মসূচী তৈরি করবেন এবং তা সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটির সভায় পেশ করবেন।
১১) তিনি বিভিন্ন উপ কমিটির কার্যক্রমের সমন্বয় করবেন এবং সময়ে প্রয়োজনীয় নির্দেশনাবলী জারী করবেন।

৩. যুগ্ম সম্পাদক

যুগ্ম সম্পাদক সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তার দায়িত্ব পালন করবেন। তারা সাধারণ সম্পাদককে সকল প্রকার কাজে সহায়তা করবেন এবং সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত কাজ সমাধা করবেন।

৪. কোষাধ্যক্ষ

১) এসোসিয়েশনের সকল প্রকার তহবিল সংগ্রহের দায়িত্বে থাকবেন এবং তা গ্রহণের এক সপ্তাহের মধ্যে নির্দিষ্ট ব্যাংক একাউন্টে জমা করবেন।
২) এসোসিয়েশনের সম্পদ ও হিসাব রক্ষনের জন্য তিনি উপযুক্ত খাতা রক্ষণাবেক্ষণ করবেন।
৩) তিনি এসোসিয়েশনের আয় ব্যয়ের বাৎসরিক বাজেট প্রণয়ন এবং বাৎসরিক সাধারণ সভায় পেশ করবেন (অবশ্যই বাজেট বাৎসরিক সভায় পেশ করার পূর্বে তা নির্বাহী পরিষদের অনুমোদন নেবেন)।
৪) অনুল্লেখিত খরচ মিটানোর জন্য তিনি সভাপতি/সাধারণ সম্পাদক/নির্বাহী পরিষদ কর্তৃক ধার্যকৃত অর্থ সংযোজন করতে পারবেন।
৫) তিনি বৎসরান্তে এসোসিয়েশনের অডিটকৃত হিসাবের বিবরণ নির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ পূর্বক বাৎসরিক সাধারণ সভায় উপস্থাপন করবেন।
৬) যদি কোষাধ্যক্ষ কোন কারণে দীর্ঘদিন অনুপস্থিত থাকেন সেই ক্ষেত্রে সভাপতি, সাধারণ সম্পাদকের পরামর্শ অনুসারে নির্বাহী কমিটির একজন সদস্যকে সাময়িকভাবে কোষাধ্যক্ষের দায়িত্ব পালনে নিয়োজিত করবেন।

ধারা ১১

পদাধিকারীদের নির্বাচন/মনোনয়নের যোগ্যতাঃ

১। সার্ফিং এসোসিয়েশনের সহ সভাপতি এমন ব্যক্তিগণ হবেন যারা হয় খ্যাতনামা খেলোয়াড়/ক্রীড়াবিদ/পৃষ্ঠপোষক অথবা সাংগঠনিক অভিজ্ঞতার অধিকারী হতে হবে।
২। কার্যনির্বাহী পরিষদের সহ সভাপতি, সাধারণ সম্পাদক, যুগ্ম সম্পাদকের পদ মৃত্যু, পদত্যাগ, অপসারণ দ্বারা শূণ্য হলে এসোসিয়েশনের সভাপতি কার্যনির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামত নিয়ে পদ শূন্য হওয়ার ৩০ দিনের মধ্যে উক্ত পদ পূরণ করবেন। তবে এ ব্যাপারে পূর্বোক্ত ধারায় বর্ণিত যোগ্যতার প্রতিপালন করতে হবে।

ধারা ১২

তহবিলঃ

বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশনের সকল তহবিল ঢাকাস্থ যে কোনো তফসিলি ব্যাংকে রাখতে হবে। সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ যুগ্ম ভাবে তা পরিচালনা করবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে সভাপতি স্বাক্ষর করবেন।

ধারা ১৩

পরিদর্শন ও হিসাব নিরীক্ষা

১। এসোসিয়েশনের বার্ষিক ও বিশেষ হিসাব নিরীক্ষা নিম্নবর্ণিত উপায়ে সম্পাদিত হবে:
ক) প্রত্যেক অর্থ বছর শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে নিজস্ব বার্ষিক হিসাব নিরীক্ষার ব্যবস্থা করবে এবং প্রয়োজনে নিরীক্ষা প্রতিবেদন উর্দ্ধতন সংগঠনে প্রেরণ করবে।
খ) এসোসিয়েশনের সভাপতি অথবা সভাপতি কর্তৃক কর্তৃত্বপ্রাপ্ত সদস্য মর্যাদার সম্পন্ন যে কোনো পদাধিকারী বিভিন্ন পর্যায়ের সার্ফিং বিষয়াদি পরিদর্শন করতে পারবেন। পরিদর্শনাধীন সংস্থার পদাধিকারীগণ এই পরিদর্শনে সকল প্রকার সহায়তা দিতে বাধ্য থাকবেন।

Moazzam Hossain Chowdhury
General S...

Kazi Firoz Rashid (MP)

ধারা ১৪

অর্থ বছর ঃ

অর্থ বছর হিসাবে ১ জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ জুন পর্যন্ত সময়কে ধরা হবে।

ধারা ১৫

কার্যনির্বাহী কমিটির মেয়াদ

বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি চার বছর মেয়াদের হবে।

ধারা ১৬

তত্বাবধায়ক কমিটি

বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির মেয়াদকাল শেষ হওয়ার পর প্রয়োজনে তত্বাবধায়ক কমিটি গঠন করা যেতে পারে। প্রয়োজনবোধে এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠানের অনধিক ৬০ (ষাট) দিন পূর্বে বিদ্যমান কার্যনির্বাহী কমিটি অবলুপ্ত করে অনধিক ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি তত্বাবধায়ক কমিটি গঠন করবে। এ কমিটির কোন সদস্যই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

ধারা ১৭

নির্বাচনঃ

নির্বাচন সিডিউল ঘোষিত হওয়ার অনধিক ৬০ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে হবে।

ধারা ১৮

খেলোয়াড় কল্যাণ তহবিলঃ

বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশন আইনানুগ পন্থায় কল্যাণ তহবিল তৈরি করতে পারবে।

ধারা ১৯

খেলোয়াড় নিবন্ধিকরণঃ

জাতীয় ও অন্যান্য প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সার্ফারদের এসোসিয়েশন কর্তৃক তৈরি বিধি/উপ বিধি অনুযায়ী নিবন্ধিকৃত হতে হবে।

ধারা ২০

বিধি ও উপবিধিঃ

এই গঠনতন্ত্রেও সংস্থান সমূহের যথাযথ ও কার্যকর প্রয়োগের জন্য বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশনের বিধি/উপবিধি তৈরি করতে পারবে।

ধারা ২১

সংশোধন ও নির্দেশঃ

১। বাংলাদেশ সার্ফিং এসোসিয়েশনের সাধারণ পরিষদে এই গঠনতন্ত্রের যে কোনো ধারা বা উপধারা সংশোধন/বাতিলের কর[illegible]বে।

২। এই গঠনতন্ত্রের পরিপন্থী কোনো বিধি বা উপবিধি তৈরি করতে পারবে না।

৩। সকল নিবন্ধিকৃত সংস্থা/খেলোয়াড়/কর্মকর্তা বা সংশ্লিষ্ট ব্যক্তি কোনো বিতর্কিত বিষয়ে আদালতের স্মরণাপন্ন [illegible]য়ে উভয় পক্ষে সম্মতিক্রমে সমঝোতার বা গ্রহণযোগ্য মধ্যস্থতাকারীর মাধ্যমে মীমাংসা করবে। জাতীয় ক্রীড়া পরিষদ অথবা ক্রীড়া মন্ত্রণালয়ে মধ্যস্থতাকারী নির্বাচন করা যেতে পারে।

ধারা ২২

গঠনতন্ত্রের সংশোধনঃ

গঠনতন্ত্রের পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের প্রয়োজন হলে এসোসিয়েশনের সাধারণ পরিষদের সভায় উত্থাপন করবেন। সাধারণ পরিষদের সভায় এই প্রসঙ্গে আলোচ্যসূচী থাকবে। সাধারণ পরিষদের অনুমোদনের পর উর্দ্ধতন সংগঠনে প্রেরণ করা হবে।

Moazzam Hossain Chowdhury
General Secretary
Bangladesh Surfing Association

Aminul Islam Liton